



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
BANGLADESH SHIPPING CORPORATION

www.bsc.gov.bd

বার্ষিক সাধারণ সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'র সম্মানিত শেয়ারহোল্ডারগণের ৩৯তম (২০১৫-২০১৬ অর্থ বছরের) বার্ষিক সাধারণ সভা আগামী ২২ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সি অডিটোরিয়াম, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ :-

- ১। বিগত ২৩ জুলাই, ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শেয়ারহোল্ডারগণের ২০১৪-২০১৫ অর্থ বছরের ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২। ৩০শে জুন, ২০১৬ খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের বিএসসি'র সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালক মন্ডলীর পক্ষে পেশকৃত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
- ৩। ৩০শে জুন, ২০১৬ খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
- ৪। ২০১৬-২০১৭ অর্থ বছরের নিরীক্ষক এর নিরীক্ষক নিয়োগ এবং পারিশ্রমিক নির্ধারণ।
- ৫। লভ্যাংশ ঘোষণা।
- ৬। স্বতন্ত্র পরিচালক নিয়োগ।
- ৬। সভাপতির অনুমতিক্রমে অন্য যে কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে,
স্বা/-
৬-৩-২০১৭
(মোহাম্মদ আবদুল আউয়াল)
সচিব

তারিখঃ চট্টগ্রাম
৬ মার্চ, ২০১৭ খ্রিঃ।

টীকাঃ

- ১। রেকর্ড তারিখ ছিল (The Record Date) ৬মার্চ, ২০১৭। যে সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এবং কর্পোরেশনের শেয়ার মেম্বার রেজিস্টারে রেকর্ড তারিখে (Record Date-এ) অন্তর্ভুক্ত ছিল কেবলমাত্র সে সকল শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় যোগদান করতে পারবেন এবং অনুমোদিত লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।
- ২। সভায় অংশগ্রহণ ও ভোটদানের অনুমোদনপ্রাপ্ত সদস্য/সদস্যা, তাঁর পরিবর্তে অন্য কোন সদস্য/সদস্যকে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি (প্রতিনিধি) নিয়োগ করতে পারবেন।
- ৩। যে সকল প্রক্সি সভা অনুষ্ঠানের অন্তত পক্ষে ৭২ ঘন্টা পূর্বে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে পাওয়া যাবে, কেবলমাত্র সে সকল প্রক্সিই গ্রহণযোগ্য হবে।
- ৪। বিএসসি'র ২৪ অক্টোবর, ২০১৩ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার/ উপহার কুপন/যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।